গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লোহাগড়া, নড়াইল।

স্মারক নং-০৫.৪৪.৬৫৫২.০০১.১৯.০০৩.২১- ৫৪ তারিখ : ০৫ ফেব্রুয়ারি ২০২৪

বড়ফা খেয়াঘাট ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ১৯ এপ্রিল ২০০৩ তারিখের জারীকৃত হস্তান্তরিত খেয়াঘাট ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্বৃত্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা মোতাবেক লোহাগড়া উপজেলা পরিষদ নিয়ন্ত্রণাধীন নিম্নবর্ণিত খেয়াঘাট বাংলা ১৪৩১ সালে ইজারা প্রদানের জন্য আগ্রহী জন্মগত পেশাদার পাটনীগণের নিকট থেকে উল্লিখিত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

২ দরপত্র বিক্রয় ঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লোহাগড়া, নড়াইল এর কার্যালয় হতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) অফিস চলাকালীন সময়ে (সকাল ৯টা হতে বিকাল ৪ টার মধ্যে) ক্রয়/গ্রহণ করা যাবে

৩। দরপত্র দাখিল ঃ উপজেলা নির্বাহী অফিসার,লোহাগড়া, নড়াইলএর কার্যালয়ে নির্ধারিত তারিখ ও সময়ে (বেলা ১.০০টার মধ্যে) সংরক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে। একই দিন বেলা ৩.০০টায় উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

৪ : ইজারাযোগ্য খেয়াঘাটের নাম, সরকারি মূল্য ও দরপত্রের মূল্য নিম্নের ছকে দেয়া হলো।

| ক্রঃনং | ইজারাযোগ্য খেয়াঘাটের নাম | বাংলা ১৪৩১ সালের সরকারি মূল্য | সিডিউলের মূল্য (প্রতিসেট) | খেয়াঘাট অবস্থিত ইউনিয়নের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১। | বড়ফা খেয়াঘাট | ৫৮০৭৭৮/- | ১,৮০০/- | কোটাকোল | |

৫। দরপত্র গ্রহণ, দাখিল ও খোলার সময়সূচী ঃ

| দফা | আবেদন ফরম গ্রহণের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ম দফা | ০৮/০২/২০২৪ হতে ২৫/০২/২০২৪ খ্রি. দুপুর ১.০০টা | ২৫/০২/২০২৪খ্রি. বেলা ২.০০ টা | ২৫/০২/২০২৪খ্রি. বিকাল ৩.০০ টা | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় লোহাগড়া, নড়াইল। | |
| ২য় দফা | ২৭/০২/২০২৪ হতে ০৫/০৩/২০২৪ খ্রি. দুপুর ১.০০টা | ০৬/০৩/২০২৪ খ্রি. বেলা ২.০০ টা | ০৬/০৩/২০২৪ খ্রি. বিকাল ৩.০০ টা | | |
| ৩য় দফা | ০৭/০৩/২০২৪ হতে ১২/০৩/২০২৪ খ্রি. দুপুর ১.০০টা | ১৩/০৩/২০২৪ খ্রি. বেলা ২.০০ টা | ১৩/০৩/২০২৪ খ্রি. বিকাল ৩.০০ টা | | |

৬। বাংলা ১৪৩১ সালের বড়ফা খেয়াঘাট ইজারার শর্তাবলী ঃ

বাংলা ১৪৩১ সালের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র ০১(এক) বছর মেয়াদকালের জন্য খেয়াঘাট ইজারা প্রদান করা হবে।

দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত মূল্যের ২৫% (শতকরা পঁচিশ ভাগ) অর্থ উপজেলা নির্বাহী অফিসার, লোহাগড়া, নড়াইল এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জামানত হিসাবে জমা দিতে হবে। জামানতের উক্ত ২৫% টাকা গৃহীত দরদাতার মোট ইজারা মূল্যের সাথে শেষ বছরে সমন্বয় করা হবে।

দরপত্রদাতা জন্মগত পেশাদার পাটনী হলে তাকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/মেয়র সংশ্লিষ্ট পৌরসভা কর্তৃক (নির্ধারিত প্যাডে সীলমোহর ও স্বাক্ষরযুক্ত) প্রদত্ত সনদ পত্র দরপত্রের সাথে দাখিল করতে হবে।

দরপত্র গৃহীত হওয়ার সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পচাত্তর ভাগ) ভাগ অর্থ, দাখিলকৃত দরপত্রের মোট দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই এক সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় খেয়াঘাটের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পূণরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

প্রত্যেক দফার জন্য পৃথক পৃথক দরপত্র গ্রহণ/ক্রয় করতে হবে। এক দফার দরপত্র অন্য দফায় দাখিল/ব্যবহার করা যাবে না। প্রথম দফায় দরপত্র গৃহীত হলে পরবর্তী কোন দফায় আর কোন দরপত্র বিক্রয় করা হবে না।

ইজারার সমুদয় অর্থ (আয়কর ও ভ্যাটসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক নিজ খরচায় ইজারাদার কর্তৃপক্ষের সাথে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

ইজারা গ্রহীতাকে সরকার অনুমোদিত টোল রেইট অনুযায়ী টোল আদায় করতে হবে। জনসাধারণের অবগতির জন্য ইজারাদার নিজ খরচে খেয়াঘাটের উভয় পাড়ে দৃশ্যমান স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

ইজারাদারকে নিজ খরচে যাত্রীদের পারাপারের জন্য উপযুক্ত নৌযান সরবরাহ,খেয়াঘাটে ঘাটলা নির্মান ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করতে হবে।

ইজারাদার খেয়াঘাট কোনক্রমেই অন্যের নিকট সাব লীজ দিতে পারবেন না।

দাখিলকৃত দরপত্রে কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।
নির্ধারিত সময়ের মধ্যে খেয়াঘাটের দখল হস্তান্তর করা না হলে বা মোকদ্দমা বা অন্য কোন কারণে দখল হস্তান্তর বিলম্বিত হলে ঐ সময়ের জন্য আনুপাতিক হারে ইজারার অর্থ ইজারাদারকে ফেরত প্রদান করা হবে।
খেয়াঘাট ইজারার অনাদায়ী /বকেয়া অর্থ সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।
নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক খেয়াঘাট অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
খেয়াঘাট ইজারা সংক্রান্ত চুক্তিপত্রের কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।
কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন।

৫/০২/২৪
(অভিষেক বিশ্বাস)
উপজেলা নির্বাহী অফিসার
লোহাগড়া, নড়াইল।

স্মারক নং-০৫.৪৪.৬৫৫২.০০১.১৭.০০৩.২১- ৫৪ (১৩)

তারিখ : ০৫ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো।

০১। জেলা প্রশাসক, নড়াইল।
০২। সিভিল সার্জন,নড়াইল।
০৩। পুলিশ সুপার,নড়াইল।
০৪। উপ পরিচালক, স্থানীয় সরকার, নড়াইল।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগড়া, নড়াইল।
০৬। মেয়র, লোহাগড়া পৌরসভা, লোহাগড়া, নড়াইল।
০৭। সহকারী কমিশনার (ভূমি), লোহাগড়া, নড়াইল।
০৮। অফিসার ইনচার্জ, লোহাগড়া থানা, নড়াইল।
০৯। উপজেলা ............................................ কর্মকর্তা/অফিসার, লোহাগড়া, নড়াইল।
১০। চেয়ারম্যান, ...............................ইউনিয়ন পরিষদ, লোহাগড়া/কালিয়া/গোপালগঞ্জ সদর, নড়াইল/গোপালগঞ্জ (বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো)।
১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ............................ইউনিয়ন ভূমি অফিস, লোহাগড়া/কালিয়া/গোপালগঞ্জ সদর, নড়াইল/গোপালগঞ্জ নড়াইল। তাকে বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট খেয়াঘাট ও এর পার্শ্ববর্তী হাট বাজারে মাইক ও ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১২। জনাব ........................................................................................................ইজারাদার/প্রাক্তন ইজারাদার, বড়ফা খেয়াঘাট।
১৩। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
লোহাগড়া, নড়াইল

* দৈনিক আমার সংবাদ